

শিশু নির্বাচন ও ভর্তি নির্দেশিকা



শিশু নির্বাচন ও ভর্তি নির্দেশিকা



অন্যক শিশুকে স্বাগত

অন্যক শিশুকে সহায়তা প্রদান

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

এই প্রকাশনার বিষয়বস্তু “২০টি শিশু দিবায়ত্ত কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের “গবেষণা ও রিভিউ কমিটি” দ্বারা প্রস্তুত এবং সম্পাদনা করা হয়েছে।

লিড গবেষক ও গবেষণা তত্ত্বাবধায়ক	: শবনম মোস্তারী, প্রকল্প পরিচালক, ২০টি শিশু দিবায়ত্ত কেন্দ্র স্থাপন প্রকল্প
গবেষণা সহায়ক	: সুলগ্না রায় চৌধুরী, ডে-কেয়ার অফিসার আমেনা বেগম, ডে-কেয়ার অফিসার খন্দকার আঞ্জুমান আরা, ডে-কেয়ার অফিসার ফেরদৌসী বেগম, ডে-কেয়ার অফিসার মোছা: আঞ্জুমান আরা লিপি, স্বাস্থ্য শিক্ষিকা
খসড়া সম্পাদক	: আল আমিন ভূঞা, সহকারী পরিচালক, ২০টি শিশু দিবায়ত্ত কেন্দ্র স্থাপন প্রকল্প নাহিদ সুলতানা, প্রোগ্রাম অফিসার, ২০টি শিশু দিবায়ত্ত কেন্দ্র স্থাপন প্রকল্প
ভাষাগত পর্যালোচনা	: মনোয়ারা ইশরাত, পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
রিভিউয়ার	: রাম চন্দ্র দাস, মহাপরিচালক (গ্রেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর ড. মহিউদ্দীন আহমেদ, অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
চূড়ান্ত সম্পাদনা, গ্রাফিক্স ডিজাইন ও লেআউট	: শবনম মোস্তারী, প্রকল্প পরিচালক, ২০টি শিশু দিবায়ত্ত কেন্দ্র স্থাপন প্রকল্প

যারা এই নির্দেশিকা রিভিশনের কর্মশালায় অংশগ্রহণের মাধ্যমে চূড়ান্ত খসড়া তৈরিতে ভূমিকা রেখেছেন তাদের সকলকে ধন্যবাদ।

মোস্তফা কামাল প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) আইসিভিজিডি প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর	মাহমুদ আলী সদস্য, স্পারসো, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
সুলতান আলম প্রকল্প পরিচালক, শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্প বাংলাদেশ শিশু একাডেমী	মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী উপসচিব, পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তর
এস.এম নাজিম উদ্দিন পরিচালক, আইএমইডি	মেহেদী মাসুদজ্জামান উপসচিব, অর্থ মন্ত্রণালয়
মোহাম্মদ আশরাফুল আলম উপসচিব (পরিকল্পনা-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	মোহাম্মদ শহীদুল্লাহ উপসচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
তাহমিনা সুলতানা উপ-পরিচালক, জাতীয় মহিলা সংস্থা	আয়শা সিদ্দিকী উপ-পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), মহিলা বিষয়ক অধিদপ্তর
সৈয়দা রোকেয়া জেসমিন উপ-পরিচালক (অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর	মোসা: বেনুয়ারা খাতুন উপ-পরিচালক (শিশু দিবায়ত্ত শাখা), মহিলা বিষয়ক অধিদপ্তর
জান্নাতুল ফেরদৌস গবেষণা কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর	মোর্শেদা মমতাজ প্রোগ্রাম অফিসার, ২০টি শিশু দিবায়ত্ত কেন্দ্র স্থাপন প্রকল্প

যিনি নির্দেশিকা চূড়ান্ত অনুমোদনে গুরুত্বপূর্ণ ও মূল্যবান মতামত দিয়েছেন তাঁকে অসংখ্য ধন্যবাদ।

মোহাম্মদ সাইফুল ইসলাম	যুগ্মসচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গ্রাফিক্স ও ডিজিটাল প্রোডাকশন	কালার মার্ক, ১০৬, ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০।

মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সারাদেশে কর্মজীবী পিতা-মাতার শিশুদের জন্য নিয়ন্ত্রিত দিবাকালীন শিশু পরিচর্যা প্রদানের দিকে মনোনিবেশ করেছে এবং শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র আইন-২০২১ প্রবর্তন করেছে যা একটি শক্তিশালী শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র ব্যবস্থার দাবী করে। সময়ের এমন একটি গুরুত্বপূর্ণ মুহূর্তে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত ২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রগুলিতে শিশু ভর্তির জন্য “শিশু নির্বাচন ও ভর্তি নির্দেশিকা-২০২১” প্রণয়ন করেছে তা সত্যিই প্রশংসনীয়। আশা করছি এই নির্দেশিকার মাধ্যমে শিশু নির্বাচন ও ভর্তি প্রক্রিয়া একটি নিয়ন্ত্রিত পদ্ধতির মাধ্যমে পরিচালিত হবে যেন ৪ মাস থেকে ৬ বছর বয়সী শিশুদের কর্মজীবী পিতা-মাতা সমান সুযোগ পায় এবং কর্মস্থলে নিশ্চিন্তে অংশগ্রহণ করতে সক্ষম হয়। এই নির্দেশিকা প্রকাশের মাধ্যমে ন্যায্যতা ও স্বচ্ছতার ভিত্তিতে শিশুর দিবাকালীন সেবা প্রাপ্যতা নিশ্চিতকরণের প্রতি প্রকল্প পরিচালকের প্রতিশ্রুতি প্রতিফলিত হয়েছে।

পরিশেষে, ২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্পের সহযোগিতায় “শিশু নির্বাচন ও ভর্তি নির্দেশিকা-২০২১” প্রবর্তন ও প্রকাশ করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। আশা করছি স্বচ্ছ ও ন্যায্যভাবে প্রতিষ্ঠিত শিশু ভর্তির এই প্রক্রিয়া শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র সম্পর্কিত মন্ত্রণালয়ের ভবিষ্যৎ ক্রমবর্ধমান কাজের কেন্দ্রীয় অংশ হয়ে উঠবে।



মো: সায়েদুল ইসলাম

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রকল্প পরিচালকের কথা

শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে শিশু ভর্তি প্রক্রিয়ার কেন্দ্রবিন্দুতে রয়েছে কর্মজীবী নারী। সকল আর্থ-সামাজিক অবস্থানের কর্মজীবী নারীরা যেন শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র আইন-২০২১ অনুযায়ী সমভাবে শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের সেবা গ্রহণ করতে পারে, সেজন্য এই ভর্তি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

শিশুর জন্য একটি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র নির্বাচন ও শিশুর জন্য আসন প্রাপ্তি এবং শিশুর পরিচর্যার জন্য একজন যত্নকারীকে বিশ্বাস করার ক্ষেত্রে একদিকে যেমন পিতা-মাতা বা অভিভাবক উদ্বিগ্ন থাকেন, অন্যদিকে শিশু ভর্তি প্রক্রিয়ার সাথে জড়িত কর্মচারীরাও শিশু ভর্তির প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র প্রদানে পিতা-মাতা বা অভিভাবকের দায়িত্ব নিয়ে চিন্তিত থাকেন কারণ শিশু ভর্তির সকল পর্যায়ে তাদের ইতিবাচক সহযোগিতা প্রয়োজন। এজন্য শিশু ভর্তি প্রক্রিয়া স্বচ্ছতা ও সততার সাথে সম্পাদনের লক্ষ্যে নির্দেশিকাটির বিষয়বস্তু নির্ধারণ করা হয়েছে। আশা করি নির্দেশিকাটি শিশু ভর্তি প্রক্রিয়া সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে পূর্ণ ধারণা দিতে সক্ষম হবে। এ নির্দেশিকায় কর্মজীবী নারী নির্বাচনের মানদণ্ড, শিশু ভর্তি গ্রুপ, ভর্তির নিয়মাবলী, আবেদন মূল্যায়ণ, শিশু ভর্তি ও অপেক্ষমাণ তালিকা প্রণয়ন, ভর্তি ফি ও মাসিক সেবামূল্য প্রদানের নিয়মাবলী, ভর্তুকি প্রাপ্তির যোগ্যতা এবং ভর্তি বাতিল প্রক্রিয়া সম্পর্কে বর্ণনা করা হয়েছে। এছাড়া শিশু যত্নের মাসিক সেবামূল্য ও ভর্তুকির কাঠামো নির্ধারণ করা হয়েছে যা শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র বিধিমালা প্রণয়নে সহায়ক হবে।

আশা করছি ন্যায্যতা ও প্রাপ্যতার ভিত্তিতে শিশু ভর্তির আবেদন মূল্যায়ণ ও শিশু নির্বাচন নিশ্চিত করতে নির্দেশিকাটি সংশ্লিষ্ট সকলকে সহায়তা করবে। প্রকল্প পরিচালকের অনুরোধে যাঁরা গবেষণা করে এর বিভিন্ন বিষয়বস্তু নির্বাচন ও পর্যালোচনায় সহযোগিতা করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা। পরিশেষে নির্দেশিকাটি রিভিউ, সম্পাদন, প্রস্তুত ও প্রকাশে যাঁরা সহযোগিতা করেছেন তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ।

নির্দেশিকাটি অনলাইনে প্রকাশিত হবে। তবে পিতা-মাতা বা অভিভাবক এবং প্রশাসনিক কর্মচারীদের অনুরোধের প্রেক্ষিতে হার্ডকপি সরবরাহ করা হবে।

পিতা-মাতা বা অভিভাবকদের প্রয়োজন অনুযায়ী শিশু ভর্তির এই নির্দেশিকাটি সংশ্লিষ্ট সকলের দ্বারা সঠিকভাবে প্রতিপালনের প্রত্যাশা রইলো।


শবনম মোস্তারী
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

বিষয়বস্তু

১.	পটভূমি	০৬
২.	উদ্দেশ্য	০৬
৩.	সংজ্ঞা	০৬
৩.১	কর্মজীবী নারীর সংজ্ঞা	০৬
৩.২	শিশুর সংজ্ঞা	০৬
৪.	দিবায়ত্ত কেন্দ্র সমূহের প্রচার, শিশু ভর্তির আহবান ও চাহিদা নিরূপণ	০৬
৫.	কর্মজীবী পিতা-মাতা নির্বাচনের মানদণ্ড	০৭
৬.	শিশু ভর্তি গ্রুপ	০৭
৭.	শিশু ভর্তির নিয়মাবলী	০৭
৭.১	নিবন্ধন	০৭
৭.২	শিশু তালিকাভুক্তির আবেদন প্রক্রিয়া	০৭
৭.৩	শিশু তালিকাভুক্তির আবেদনের প্রয়োজনীয় সংযুক্তিসমূহ	০৮
৭.৪	আবেদন মূল্যায়ণ ও শিশু ভর্তি তালিকা প্রণয়ন	০৮
৭.৫	অপেক্ষমাণ তালিকা প্রণয়ন	০৮
৭.৬	শিশু ভর্তি প্রক্রিয়া	০৯
৭.৭	শিশু ভর্তির প্রয়োজনীয় সংযুক্তিসমূহ	০৯
৮.	শিশু ভর্তি ফি ও মাসিক সেবামূল্য প্রদানের নিয়মাবলী	০৯
৯.	নিবন্ধন ফি এবং বয়সভিত্তিক শিশু ভর্তি ও মাসিক সেবামূল্য কাঠামো	১০
১০.	মাসিক সেবামূল্য এর উপর ভর্তুকি প্রদান	১০
১০.১	ভর্তুকি হারের কাঠামো	১০
১০.২	ভর্তুকি অনুযায়ী সেবামূল্যের কাঠামো	১০
১১.	ভর্তুকি প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী	১১
১২.	কেন্দ্র হতে শিশু ফিরিয়ে নেওয়া অথবা শিশু ভর্তি বাতিল প্রক্রিয়া	১১
১৩.	সংযুক্তি	
১৩.১	শিশু তালিকাভুক্তির আবেদন	১২
১৩.২	শিশু ভর্তি ফরম	১৬
১৩.৩	শিশু ভর্তির অঙ্গীকারনামা	২১
১৩.৪	ভর্তুকি ফরম	২২
১৩.৫	কেন্দ্র হতে শিশু ফিরিয়ে নেওয়ার আবেদন	২৪
১৩.৬	শিশু ভর্তি বাতিল ফরম	২৫
১৩.৭	জরিপ প্রশ্নমালা	২৭

১. পটভূমি

সমাজের সকল আর্থ-সামাজিক অবস্থানের কর্মজীবী নারীর শিশুদের দিবাকালীন সেবা প্রদানের লক্ষ্যে “২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প” এর আওতায় ১১টি জেলা শহরে ২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপিত হয়েছে। এসকল দিবায়ত্ত্ব কেন্দ্রে লক্ষ্যভুক্ত কর্মজীবী নারীর শিশুদের ভর্তির জন্য কোন নির্দেশিকা নেই। এছাড়া শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র আইন-২০২১ এর ধারা ১০ এ নির্ধারিত পদ্ধতিতে শিশুর সেবামূল্য গ্রহণের বিষয় অন্তর্ভুক্ত থাকলেও এ সংক্রান্ত কোন বিধিমালা এখনও তৈরী হয়নি। এ পরিপ্রেক্ষিতে সকল দিবায়ত্ত্ব কেন্দ্রে কর্মজীবী নারীর শিশুদের ভর্তির সুযোগ গ্রহণযোগ্য একটি নীতির আওতায় আনার প্রয়োজনীয়তা উপলব্ধি করে প্রকল্পের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে নির্দেশিকাটি প্রণয়ন করা হয়েছে। এই নির্দেশিকার আলোকে সকল দিবায়ত্ত্ব কেন্দ্রে শিশু নির্বাচন ও ভর্তির কার্যক্রম পরিচালিত হবে।

২. উদ্দেশ্য

এই নির্দেশিকার মূল উদ্দেশ্য হলো :

- ☐ শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র আইন -২০২১ অনুযায়ী প্রকৃত উপকারভোগী নির্বাচন;
- ☐ সকল দিবায়ত্ত্ব কেন্দ্রে শিশু ভর্তির আবেদন মূল্যায়ণ ও ভর্তি প্রক্রিয়া সামঞ্জস্যপূর্ণ রাখা এবং
- ☐ সকল শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশু ভর্তি নিশ্চিত করা।

৩. সংজ্ঞা

৩.১ কর্মজীবী নারীর সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নির্দেশিকায় “কর্মজীবী নারী” বলতে-

- ☐ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, বেসরকারি সংস্থা, ব্যাংক, বীমা বা আর্থিক প্রতিষ্ঠান এবং শিল্প কল কারখানায় কর্মরত নারী;
- ☐ পেশাগত দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণে নিয়োজিত অথবা শিক্ষা প্রতিষ্ঠানে সার্বক্ষণিক অধ্যয়নরত নারী।

৩.২ শিশুর সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নির্দেশিকায় “শিশু” বলতে-

- ☐ শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র আইন ২০২১ এর ধারা- ২ (১০) অনুযায়ী শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে ভর্তিযোগ্য ৪ মাস থেকে ৬ বছর বয়সী শিশু।

৪. দিবায়ত্ত্ব কেন্দ্রসমূহের প্রচার, শিশু ভর্তির আহবান ও চাহিদা নিরূপণ

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে লক্ষ্যভোগী কর্মজীবী নারীদের শিশু সংগ্রহের জন্য নিম্নলিখিতভাবে প্রচার ও প্রচারণা করতে হবে :

- ☐ দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং রেডিও ও টেলিভিশনসহ অন্যান্য সকল ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রকাশ।
- ☐ বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান, মাদ্রাসা, স্কুল, কলেজ, বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানসমূহে ও প্রকল্প এলাকার ঘরে ঘরে বুকলেট, ব্রশিয়ার, পোস্টার, লিফলেট, স্টিকার বিতরণের মাধ্যমে কর্মজীবী নারীদের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে শিশু ভর্তির আহবান।
- ☐ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর ও ২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্পের ওয়েবসাইটে দিবায়ত্ত্ব কেন্দ্রের সেবা সম্পর্কিত তথ্য প্রকাশ।

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

- ☐ ডিজিটাল মার্কেটিংয়ের মাধ্যমে লক্ষ্যভুক্ত কর্মজীবী নারীদের কাছে দিবাযাত্রা কেন্দ্রের সেবা সম্পর্কিত তথ্য পৌঁছানো।
- ☐ প্রয়োজনে বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা আর্থিক প্রতিষ্ঠান, মাদ্রাসা, স্কুল, কলেজ এবং বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানসমূহের কর্মজীবী পিতা-মাতার মাঝে নির্ধারিত জরিপ প্রশ্নমালা সরবরাহ করে ইংরেজি বছরের শেষে ম্যানুয়াল পদ্ধতি বা অনলাইনে জরিপ পরিচালনার মাধ্যমে শিশু ভর্তির চাহিদা নিরূপণ। জরিপ সরাসরি অথবা অনলাইনে করা যেতে পারে।

৫. কর্মজীবী পিতা-মাতা নির্বাচনের মানদণ্ড

- ☐ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;
- ☐ শিশুর বয়স ০৪ মাস থেকে ০৬ বছরের মধ্যে হতে হবে;
- ☐ শিশুর পিতামাতাকে পূর্ণ-সময়ের জন্যে (দৈনিক ০৮ ঘন্টা) কর্মে নিয়োজিত হতে হবে। তবে আসন শূণ্য থাকা সাপেক্ষে খন্ডকালীন কর্মজীবী মাকেও অগ্রাধিকার দেওয়া হবে;
- ☐ সিঙ্গেল মাতার পাশাপাশি সিঙ্গেল পিতাকেও অগ্রাধিকার দেওয়া হবে।

৬. শিশু ভর্তি গ্রুপ

২০টি শিশু দিবাযাত্রা কেন্দ্রে শিশুদের বয়সভিত্তিক যথোপযুক্ত সেবা প্রদানের জন্য এসকল দিবাযাত্রা কেন্দ্রে ভর্তিযোগ্য শিশুদের (০৪ মাস থেকে ০৬ বছর বয়সী) ৪টি গ্রুপে বিভক্ত করে সেবা প্রদান করা হবে। গ্রুপসমূহের নাম, বিবরণ ও আসন সংখ্যা নিম্নরূপ:

গ্রুপের নাম	বয়সসীমা	গ্রুপ অনুযায়ী আসন সংখ্যা
প্রারম্ভিক উদ্দীপনা পর্যায়	০৪ মাস - ১২ মাস	৬
প্রাক - প্রারম্ভিক শিখন পর্যায়	১২ মাস - ৩০ মাস	১২
প্রারম্ভিক শিখন পর্যায়	৩০ মাস - ৪৮ মাস	১৮
প্রাক-প্রাথমিক স্কুল পর্যায়	৪ বছর - ৬ বছর	২৪

৭. শিশু ভর্তির নিয়মাবলী

৭.১ নিবন্ধন

- ☐ শিশু ভর্তির আবেদনের প্রথম পদক্ষেপ হিসেবে পিতা-মাতা বা অভিভাবককে নিবন্ধন ফি প্রদানপূর্বক অনলাইনে অথবা সরাসরি কেন্দ্রে এসে ম্যানুয়াল পদ্ধতিতে নিবন্ধন করতে হবে।
- ☐ অনলাইনে অথবা ম্যানুয়াল পদ্ধতিতে নিবন্ধন ফরম পূরণ এবং নিবন্ধন ফি প্রদানের পর সংশ্লিষ্ট কেন্দ্রের আসন সংক্রান্ত তথ্য অনলাইনে অথবা সরাসরি কেন্দ্রে পাওয়া যাবে।
- ☐ আসন শূণ্য থাকা সাপেক্ষে শিশু তালিকাভুক্তির আবেদন ফরমের লিঙ্ক সম্বলিত একটি ই-মেইল বার্তা বা এসএমএস পিতামাতা বা অভিভাবকের নিকট প্রেরণ করা হবে।

৭.২ শিশু তালিকাভুক্তির আবেদন প্রক্রিয়া

- ☐ শিশু তালিকাভুক্তির জন্য এসএমএস প্রাপ্তির তিন (০৩) কর্মদিবসের মধ্যে www.cdcc.dwa.gov.bd ওয়েবসাইটে অনলাইনে শিশুর তালিকাভুক্তির জন্য আবেদন করতে হবে।
- ☐ অনলাইন আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই স্ক্যান করে পিডিএফ ফরমেটে একটি ফাইলে আপলোড করতে হবে।

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

- ☐ আবেদন ফরম পূরণ করা হলে এবং প্রয়োজনীয় সকল কাগজপত্র সংযুক্ত থাকলে আবেদনটি তালিকাভুক্তির জন্য গ্রহণ, পর্যালোচনা ও মূল্যায়ণ করা হবে। অসম্পূর্ণ আবেদন মূল্যায়ণ করা হবে না। এধরনের সমস্যা এড়াতে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করা আবশ্যিক।
- ☐ অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে এসে দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর সহযোগিতা নিয়ে অনলাইনে আবেদন করা যেতে পারে অথবা সরাসরি কেন্দ্রে এসে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন করতে পারবে। তাদের আবেদনপত্র কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী দ্বারা অনলাইনে আপলোড করতে হবে।
- ☐ অনলাইনে আবেদন করতে কোন ধরনের প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে "প্রযুক্তিগত সমস্যা" শিরোনামে সংশ্লিষ্ট শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের ডে-কেয়ার অফিসারকে অবহিত করা যেতে পারে। সেক্ষেত্রে আবেদনকারীর নাম, আবেদনকৃত ডে-কেয়ার সেন্টারের নাম, আবেদনকারীর মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং প্রযুক্তিগত সমস্যার স্পষ্ট ব্যাখ্যা অন্তর্ভুক্ত করার বিষয়ে আবেদনকারীকে নিশ্চিত হতে হবে।
- ☐ অনলাইন আবেদনে কোনও ভুল/অসম্পূর্ণ ডকুমেন্ট আপলোড হলে "নথি আপলোড সহায়তা" শিরোনামে সংশ্লিষ্ট শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের ডে-কেয়ার অফিসারকে অবহিত করা যেতে পারে। সেক্ষেত্রে আবেদনকারীর নাম, আবেদনকৃত শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের নাম, আবেদনকারীর মোবাইল নম্বর, ই-মেইল নম্বর এবং বিষয়টির স্পষ্ট ব্যাখ্যা অন্তর্ভুক্ত করার বিষয়ে আবেদনকারীকে নিশ্চিত হতে হবে।

৭.৩ শিশু তালিকাভুক্তির আবেদনের প্রয়োজনীয় সংযুক্তিসমূহ

- ☐ আবেদনকারীর (পিতা-মাতা বা অভিভাবক) পাসপোর্ট সাইজের ছবি;
- ☐ পিতা-মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের কপি;
- ☐ শিশুর জন্মসনদের কপি;
- ☐ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক পিতা-মাতা বা অভিভাবকের চাকুরী সংক্রান্ত প্রত্যয়নপত্র।
- ☐ প্রত্যয়নপত্র যাচাই করার জন্য প্রত্যয়নপত্র প্রদানকারীর নাম, স্বাক্ষর ও ফোন নম্বরসহ দাপ্তরিক সীল ব্যবহার করতে হবে।

৭.৪ আবেদন মূল্যায়ণ ও শিশু ভর্তির তালিকা প্রণয়ন

- ☐ আবেদন ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্র শিশু ভর্তি কমিটি অথবা দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ যাচাই-বাছাই ও পর্যালোচনা করবে;
- ☐ প্রতিটি দিবায়ত্ত্ব কেন্দ্রে তিন (৩) সদস্য বিশিষ্ট একটি ভর্তি কমিটি থাকবে যা সংশ্লিষ্ট দিবায়ত্ত্ব কেন্দ্রের ডে-কেয়ার অফিসার, স্বাস্থ্য শিক্ষিকা ও শিক্ষিকাকে নিয়ে গঠিত হবে;
- ☐ পূর্ণাঙ্গ আবেদন, বয়স গ্রুপ অনুযায়ী আসন শূন্য সাপেক্ষে এবং আবেদন ফরম জমা প্রদানের তারিখের ভিত্তিতে ভর্তি কমিটি ভর্তিযোগ্য শিশুর একটি অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবে;
- ☐ অনুমোদনের পর ভর্তিযোগ্য তালিকা হতে প্রথম ৬০ (ষাট) জন শিশুকে ভর্তির জন্য আহবান জানানো হবে এবং অবশিষ্টদের অপেক্ষমাণ তালিকায় রাখা হবে;
- ☐ পরবর্তীতে আসন শূন্য হলে অপেক্ষমাণ তালিকা থেকে দিবায়ত্ত্ব কেন্দ্রে ভর্তির জন্য শিশুদের আহবান জানানো হবে এবং নতুন আবেদনকারীকে অপেক্ষমাণ তালিকায় অন্তর্ভুক্ত করা হবে;
- ☐ শিশু তালিকাভুক্তির এই প্রক্রিয়াটি সারা বছর চলমান থাকবে।

৭.৫ অপেক্ষমান তালিকা প্রণয়ন

- ☐ আবেদনের তারিখের ভিত্তিতে একটি স্বচ্ছ অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করা হবে।
- ☐ অপেক্ষমাণ তালিকা প্রস্তুতের সময় সিঙ্গেল মাতা ও সিঙ্গেল পিতার শিশু এবং ভর্তিকৃত শিশুর সহোদরকে অপেক্ষমাণ তালিকায় অগ্রাধিকার দেওয়া হবে।
- ☐ অপেক্ষমান তালিকা সম্পর্কিত নীতি ও পদ্ধতি বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে কেন্দ্রে যোগাযোগ করতে হবে।
- ☐ আবেদনকারীর কোন ব্যক্তিগত তথ্য (বাসার ঠিকানা, মোবাইল নম্বর) পরিবর্তিত হলে তৎক্ষণাৎ কেন্দ্রে অবহিত করতে হবে।

৭.৬ শিশু ভর্তি প্রক্রিয়া

- ☐ শিশু ভর্তির জন্য www.cdcc.dwa.gov.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে হবে।
- ☐ ভর্তি ফি জমা প্রদানপূর্বক অনলাইন আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই স্ক্যান করে পিডিএফ ফরমেটে একটি ফাইলে আপলোড করতে হবে।
- ☐ আবেদন ফরম পূরণ করা হলে এবং প্রয়োজনীয় সকল কাগজপত্র সংযুক্ত থাকলে আবেদনটি গ্রহণ, পর্যালোচনা ও মূল্যায়ন করা হবে। অসম্পূর্ণ আবেদন মূল্যায়ন করা হবে না। এধরনের সমস্যা এড়াতে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করা আবশ্যিক।
- ☐ শিশু ভর্তি ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় সংযুক্তিসহ দাখিলের পর দায়িত্বরত কর্মচারী তা যাচাই-বাছাই করে ডে-কেয়ার অফিসারকে অবহিত করবে;
- ☐ ডে-কেয়ার অফিসার সংশ্লিষ্ট শিশুর পিতা-মাতা বা অভিভাবকের কাছ থেকে অঙ্গীকারনামা গ্রহণ করবে;
- ☐ নির্দেশিকায় উল্লেখিত অঙ্গীকারনামার নমুনা এক্ষেত্রে প্রযোজ্য হবে।

৭.৭ শিশু ভর্তির প্রয়োজনীয় সংযুক্তিসমূহ

- ☐ পিতা-মাতা বা অভিভাবকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ☐ শিশুর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ও ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি;
- ☐ শিশুর পারিবারিক ছবি ৫/৭ ইঞ্চি ফটোফ্রেমে দিতে হবে;
- ☐ শিশুর ২ (দুই) কপি টিকা কার্ড;
- ☐ এককালীন অফেরতযোগ্য ভর্তি ফি;
- ☐ ২ (দুই) মাসের মাসিক সেবামূল্য (এক মাসের অগ্রীম জামানত+চলতি মাস);
- ☐ শিশু অসুস্থতা নীতি সংক্রান্ত অঙ্গীকারনামা;
- ☐ শিশুকে জরুরি চিকিৎসা সেবা প্রদানের সম্মতিপত্র;
- ☐ শিশুর কার্যাবলি, বিশেষ অনুষ্ঠানের ছবি ও তথ্যচিত্র ব্যবহারের অনুমতিপত্র;
- ☐ শিশুর একজোড়া ইউনিফর্ম (শিশু দিবাযত্ন কেন্দ্রের জন্য নির্ধারিত ইউনিফর্ম);
- ☐ দিবাযত্ন কেন্দ্রের অভ্যন্তরে ব্যবহারের জন্য শিশুর ১ (এক) জোড়া মোজা ও ১ (এক) জোড়া স্যান্ডেল দিতে হবে;
- ☐ শিশুর পরিচয়পত্র সরবরাহের জন্য এককালীন ২৫০/- (কার্ড হোল্ডার, বুলানোর ফিতা, প্রিন্টিং ও লেমিনেটিং খরচ বাবদ)।

৮. শিশু ভর্তি ফি ও মাসিক সেবামূল্য প্রদানের নিয়মাবলী

- ☐ শিশু ভর্তির সময় বয়স গ্রুপ অনুযায়ী এককালীন ভর্তি ফি জমা প্রদানপূর্বক শিশুকে ভর্তি করতে হবে।
- ☐ শিশু এক বয়স গ্রুপ থেকে অন্য বয়স গ্রুপে উন্নীত হলে পুনরায় ভর্তি ফি দিয়ে ভর্তি নবায়ন করতে হবে।
- ☐ শিশু ভর্তির সময় মাসিক সেবামূল্য কাঠামো অনুযায়ী ভর্তি ফি এর সাথে ২ (দুই) মাসের (চলতি মাস ও এক মাসের অগ্রীম) মাসিক সেবামূল্য জমা দিতে হবে।
- ☐ যথাসময়ে মাসিক সেবামূল্য প্রদান করা আবশ্যিক কেননা এর মাধ্যমেই শিশুর জন্য সর্বোত্তম সেবা প্রদানের নিশ্চয়তা দেওয়া হয়।
- ☐ ভর্তুকি প্রাপ্তদের ক্ষেত্রে মাসিক সেবামূল্যের উপর ভর্তুকি বাদে অবশিষ্ট সেবামূল্য প্রদান করতে হবে।
- ☐ প্রতি মাসের শেষ সপ্তাহে পরবর্তী মাসের সেবামূল্য জমা দিতে হবে, অন্যথায় শিশু দিবাযত্ন কেন্দ্রে শিশুর সেবা অব্যাহত রাখা যাবে না।
- ☐ যে কোন কারণে শিশুর অনুপস্থিতির জন্য মাসিক সেবামূল্য মওকুফ করা হবে না। এছাড়া শুক্র ও শনিবারসহ সকল সরকারি ছুটির দিনগুলিতে দিবাযত্ন কেন্দ্রে সেবা না দেওয়া হলেও নির্ধারিত মাসিক সেবামূল্যের অন্তর্ভুক্ত থাকবে।
- ☐ মাসিক সেবামূল্য অবশ্যই সরাসরি স্ব স্ব কেন্দ্রে জমা দিতে হবে, সেবামূল্য প্রদানের ক্ষেত্রে অন্য কোন মাধ্যম প্রযোজ্য হবে না।
- ☐ মাসিক সেবামূল্য যে কোন সময় পরিবর্তিত হতে পারে।

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

- ☐ একই মায়ের একাধিক সন্তানের ক্ষেত্রে সকলের জন্য পূর্ণ সেবামূল্য প্রদান করতে হবে।
- ☐ সংশ্লিষ্ট ডে কেয়ার অফিসের নিবন্ধন ফি, শিশু ভর্তি ফি ও মাসিক সেবামূল্য সরাসরি ট্রেজারী চালানোর মাধ্যমে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক প্রতি মাসের হিসাবের প্রতিবেদন সহ চালানোর কপি প্রকল্প কার্যালয়ে দাখিল করবে।
- ☐ কর্তৃপক্ষ যে কোন সময় শিশু ভর্তি ফি ও মাসিক সেবামূল্য পরিবর্তন করতে পারবে।

৯. নিবন্ধন ফি এবং বয়সভিত্তিক শিশু ভর্তি ও মাসিক সেবামূল্য কাঠামো

শিশুর বয়স গ্রুপের উপর ভিত্তি করে মাসিক সেবামূল্য নির্ধারণ করা হয়েছে। শিশু ভর্তি ফি ও মাসিক সেবামূল্য বয়স গ্রুপ অনুযায়ী নিম্নলিখিতভাবে পরিবর্তিত হবে :

শিশুর বয়স গ্রুপ	বয়সসীমা	এককালীন নিবন্ধন ফি	এককালীন ভর্তি ফি	মাসিক সেবামূল্য
প্রারম্ভিক উদ্দীপনা পর্যায়	০৪ মাস - ১২মাস	১০০/-	২০০/-	২০০০/-
প্রাক-প্রারম্ভিক শিখন পর্যায়	১২ মাস - ৩০ মাস	১০০/-	৩০০/-	১৫০০/-
প্রারম্ভিক শিখন পর্যায়	৩০ মাস - ৪৮ মাস	১০০/-	৪০০/-	১২০০/-
প্রাক-প্রাথমিক স্কুল পর্যায়	০৪ বছর - ০৬ বছর	১০০/-	৫০০/-	১০০০/-

১০. মাসিক সেবামূল্যের উপর ভর্তুকি প্রদান

১০.১ ভর্তুকি হারের কাঠামো

পিতা-মাতা বা অভিভাবকের দিবাকালীন শিশু যত্নের ব্যয় কমানোর জন্য প্রকল্পে একটি বিশেষ ভর্তুকি প্রদানের ব্যবস্থা রয়েছে। এই সুবিধাটি নিম্নলিখিত হারে প্রদান করা হয় :

শিশুর পিতা-মাতা বা অভিভাবকের মাসিক আয়ের পরিমাণ	মাসিক সেবামূল্যের উপর ভর্তুকির হার
৫০,০০০ - ততোধিক	নেই
৩৫,০০০ - ৪৯,৯৯৯ টাকা	৪০%
২০,০০০ - ৩৪,৯৯৯ টাকা	৬০%
৮,০০০ - ১৯,৯৯৯ টাকা	৮০%
০০০ - ৭,৯৯৯ টাকা	৯০%

১০.২ ভর্তুকি অনুযায়ী সেবামূল্যের কাঠামো

শিশুর বয়স গ্রুপ, পিতা-মাতা বা অভিভাবকের মাসিক আয় এবং ভর্তুকির হারের উপর ভিত্তি করে নিম্নলিখিত হারে মাসিক সেবামূল্য প্রযোজ্য হবে :

সেবামূল্য নির্ধারণের টেবিল

পিতা-মাতার মাসিক আয়	০০০-৭,৯৯৯ (টাকা)	৮,০০০ - ১৯,৯৯৯ (টাকা)	২০,০০০-৩৪,৯৯৯ (টাকা)	৩৫,০০০ - ৪৯,৯৯৯ (টাকা)	৫০,০০০ - তদুর্ধ্ব (টাকা)	
শিশুর বয়স গ্রুপ						
প্রারম্ভিক উদ্দীপনা পর্যায়	২০০/-	৪০০/-	৮০০/-	১,২০০/-	২,০০০/-	বয়স গ্রুপ
প্রাক-প্রারম্ভিক শিখন পর্যায়	১৫০/-	৩০০/-	৬০০/-	৯০০/-	১,৫০০/-	অনুযায়ী
প্রারম্ভিক শিখন পর্যায়	১২০/-	২৪০/-	৪৮০/-	৭২০/-	১,২০০/-	মাসিক
প্রাক-প্রাথমিক স্কুল পর্যায়	১০০/-	২০০/-	৪০০/-	৬০০/-	১,০০০/-	সেবামূল্য

১১. ভর্তুকি প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী

ভর্তুকি প্রাপ্তির জন্য যেসব শর্ত পূরণ আবশ্যিক তা হলো :

- ☐ অবশ্যই পূর্ণ সময়ের (দৈনিক ৮ ঘন্টা) কর্মজীবী হতে হবে;
- ☐ এই সুবিধা প্রাপ্তির জন্য অবশ্যই পিতা-মাতা বা অভিভাবককে আবেদনে ভর্তুকি প্রাপ্তির আশ্রয় প্রকাশ করতে হবে;
- ☐ দিবাযত্ন কেন্দ্রে শিশুর উপস্থিতির হার ন্যূনতম ৮৫% হতে হবে;
- ☐ পিতা-মাতা বা অভিভাবকের মাসিক বেতনের ব্যাংক স্টেটমেন্টের কপি / কর্তৃপক্ষ কর্তৃক বেতনের প্রত্যয়নপত্র / iBAS++ এর মাধ্যমে সরকারী কর্মচারীর দাখিলকৃত বেতনপত্র মাসিক আয়ের প্রমাণক হিসাবে দাখিল করতে হবে;
- ☐ অপ্রাতিষ্ঠানিক কর্মজীবীদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী ও বেতনের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রত্যয়নপত্র প্রদানকারীর নাম, স্বাক্ষর ও ফোন নম্বরসহ দাপ্তরিক সীল থাকতে হবে;
- ☐ পারিবারিক আয়ের প্রমাণক দাখিল করতে হবে;
- ☐ পিতা-মাতা বা অভিভাবকের মাসিক মোট পারিবারিক আয় ৪৯,৯৯৯ (উনপঞ্চাশ হাজার নয়শত নিরানব্বই) টাকার উর্ধ্বে নয়।

১২. কেন্দ্র হতে শিশু ফিরিয়ে নেওয়া অথবা শিশু ভর্তি বাতিল প্রক্রিয়া

শিশু দিবাযত্ন কেন্দ্র থেকে পিতা-মাতা বা অভিভাবক কর্তৃক শিশুকে ফিরিয়ে নিতে হলে ১৫ থেকে ৩০ দিন পূর্বে উপযুক্ত কারণসহ পিতা-মাতা বা অভিভাবককে নির্ধারিত ফরমে ডে-কেয়ার অফিসার বরাবর আবেদন করতে হবে। এছাড়া নিম্নলিখিত কারণে সৃষ্ট পরিস্থিতিতে প্রকল্প পরিচালককে অবহিত করে কেন্দ্রের ডে-কেয়ার অফিসার শিশুর অভিভাবককে ১ (এক) মাসের নোটিশ দিয়ে শিশু ভর্তি বাতিল করার ক্ষমতা রাখবে।

- ☐ গ্রহণযোগ্য কারণ ব্যতীত মাসিক সেবামূল্য পরিশোধে ১ (এক) মাস বিলম্ব হলে;
- ☐ শিশুর বয়স ৬ (ছয়) বছর পূর্ণ হলে;
- ☐ সেন্টারের অন্যান্য শিশুদের শারিরীক, আবেগীয় বা বুদ্ধিবৃত্তীয় সুস্থ বিকাশের জন্য ক্ষতিকর এমন আচরণ দেখা গেলে, যেমন গালি দেওয়া বা অশালীন আচরণ বা আঘাত করা;
- ☐ প্যারেন্ট হ্যান্ডবুক এবং কেন্দ্রের নীতিমালা অনুসারে মাতা-পিতা বা অভিভাবকের দায়িত্ব ও কর্তব্য পালনে অসম্মতি বা অনিয়ম দেখা গেলে।

এই নির্দেশিকায় কোন কিছু অস্পষ্ট থাকলে বা কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে প্রকল্প পরিচালক তা দূরীকরণের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের পক্ষে প্রকল্প পরিচালকের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

শিশু তালিকাভুক্তির আবেদন

মাতার
০২ কপি
পাসপোর্ট
সাইজ ছবি

পার্ট-১: সাধারণ তথ্য

১. আবেদনকারীর নাম:.....

২. আবেদনকারীর সাথে শিশুর সম্পর্ক : মা ☐ বাবা ☐ অন্যান্য ☐
.....

৩. মাতার তথ্য

নাম :..... জন্ম তারিখ :.....

জাতীয় পরিচয়পত্রের নম্বর :

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

বাসার ঠিকানা :.....

বাসার ফোন নম্বর (যদি থাকে) :.....; মোবাইল নং :.....

ই-মেইল আইডি :.....

৪. পিতার তথ্য

নাম :..... জন্ম তারিখ :.....

জাতীয় পরিচয়পত্রের নম্বর :

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

বাসার ঠিকানা :.....

বাসার ফোন নম্বর (যদি থাকে) :.....; মোবাইল নং :.....

ই-মেইল আইডি :.....

৫. মাতা-পিতার অবর্তমানে অভিভাবকের তথ্য

নাম :.....; জন্ম তারিখ :.....

জাতীয় পরিচয়পত্রের নম্বর:

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

বাসার ঠিকানা :.....

ফোন (বাসা) :.....

পার্ট-২: মাতা-পিতার পেশা সংক্রান্ত তথ্য (অবশ্যই পূরণীয়)

৬. মাতার তথ্য

পেশা:

পেশার ধরণ : ☐ পূর্ণ কর্মঘণ্টার কর্মজীবী ☐ খন্ডকালীন কর্মজীবী

পদবি :

প্রতিষ্ঠানের নাম :

প্রতিষ্ঠানের ঠিকানা :

প্রতিষ্ঠানের ফোন নম্বর :

কর্মস্থলের কর্তৃপক্ষের নাম ও পদবি :

কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ঠিকানা :

প্রতিষ্ঠানের ধরণ : ☐ সরকারি ☐ আধা-সরকারি ☐ স্বায়ত্তশাসিত ☐ বে-সরকারি ☐ অন্যান্য

৭. পিতার তথ্য

পেশা :

পেশার ধরণ : ☐ পূর্ণ কর্মঘণ্টার কর্মজীবী ☐ খন্ডকালীন কর্মজীবী

পদবি :

প্রতিষ্ঠানের নাম :

প্রতিষ্ঠানের ফোন নম্বর :

কর্মস্থলের কর্তৃপক্ষের নাম ও পদবি :

কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ঠিকানা :

প্রতিষ্ঠানের ধরণ : ☐ সরকারি ☐ আধা-সরকারি ☐ স্বায়ত্তশাসিত ☐ বেসরকারি ☐ অন্যান্য

পার্ট-৩: শিশু তালিকাভুক্তির তথ্য

৮. আপনি কতজন শিশু ভর্তি করতে আগ্রহী ? ☐ ০১ জন ☐ ০২ জন
৯. আপনি কোন বয়স গ্রুপে শিশুকে ভর্তি করতে আগ্রহী (টিক চিহ্ন দিন)
- ☐ প্রারম্ভিক উদ্দীপনা পর্যায় (৪ মাস - ১২ মাস)
- ☐ প্রাক - প্রারম্ভিক শিখন পর্যায় (১২ মাস - ৩০ মাস)
- ☐ প্রারম্ভিক শিখন পর্যায় (৩০ মাস - ৪৮ মাস)
- ☐ প্রাক - প্রাথমিক স্কুল পর্যায় (৪ বছর - ৬ বছর)

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

১০. এই শিশুর জন্য আপনার কোন তারিখ থেকে শিশু দিবায়ত্ন কেন্দ্র প্রয়োজন হবে ?

দিন	মাস	বছর

১১. নিম্নের কোন কেন্দ্রে শিশু ভর্তি করতে চান ?

ঢাকার মধ্যে ১০টি

- ☐ ধানমন্ডি
- ☐ বিসিআইসি ভবন, মতিঝিল
- ☐ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও
- ☐ রায়ের বাজার
- ☐ কাঁঠাল বাগান
- ☐ মুগদা
- ☐ সড়ক ভবন
- ☐ ভূমি ভবন কমপেক্স, তেজগাঁও
- ☐ পর্যটন কর্পোরেশন, মহাখালী
- ☐ আশুলিয়া

ঢাকার বাহিরে ১০টি

- ☐ রংপুর
- ☐ গোপালগঞ্জ
- ☐ গাজীপুর
- ☐ কক্সবাজার
- ☐ নওগাঁ
- ☐ গাইবান্ধা
- ☐ ভোলা
- ☐ টাঙ্গাইল
- ☐ নোয়াখালী
- ☐ চাঁদপুর

পার্ট-৪: শিশুর তথ্য

১২. শিশু-০১

নাম :.....

শিশুর জন্ম তারিখ

--	--	--	--	--	--	--	--

জন্ম নিবন্ধন নম্বর

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

১৩. শিশু-০২

নাম :.....

শিশুর জন্ম তারিখ

--	--	--	--	--	--	--	--

জন্ম নিবন্ধন নম্বর

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

পার্ট-৫: প্রয়োজনীয় সংযুক্তিসমূহ

- ☐ আবেদনকারীর (মাতা-পিতা বা বিকল্প অভিভাবকের) পাসপোর্ট সাইজের ছবি ২ (দুই) কপি ;
- ☐ মাতা-পিতা ও বিকল্প অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের কপি ;
- ☐ শিশুর জন্মসনদের কপি ;
- ☐ মাতা ও পিতার চাকুরী নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

পার্ট-৬: অফিস কর্তৃক পূরণীয়

- ১। আবেদনকারীর নাম :
- ২। শিশু তালিকাভুক্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ হয়েছে কিনা সে বিষয়ে মন্তব্য :
- ৩। প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত রয়েছে কিনা সে বিষয়ে মন্তব্য :

আবেদন যাচাইকারীর স্বাক্ষর (শিক্ষিকা/ স্বাস্থ্য শিক্ষিকা)

তারিখ

ডে-কেয়ার অফিসারের স্বাক্ষর

তারিখ

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

২০টি শিশু দিবাযাত্রা কেন্দ্র স্থাপন প্রকল্প মহিলা বিষয়ক অধিদপ্তর

শিশু ভর্তি ফরম

শিশুর
০২ কপি
পাসপোর্ট
সাইজ ছবি

পার্ট-১: শিশুর তথ্য

১। শিশুর নাম :

২। লিঙ্গ (টিক চিহ্ন দিন) : ☐ ছেলে শিশু

☐ মেয়ে শিশু

৩। শিশুর জন্ম তারিখ ও জন্ম সনদ নম্বর :

--	--	--	--	--	--	--	--

[illegible]

৪। ভর্তির তারিখ :

দিন	মাস	বছর

৫। ভর্তির তারিখে শিশুর বয়স :

দিন	মাস	বছর

৬। শিশুর বর্তমান ওজন : উচ্চতা : জন্ম চিহ্ন :

পার্ট-২: শিশুর চিকিৎসা সংক্রান্ত তথ্য

৭। শিশুর বিশেষ কোন শারীরিক অসুস্থতা (মারাত্মক যখম বা অপারেশন) থাকলে তার বর্ণনা:.....

৮। শিশু নিয়মিত কোন ঔষধ সেবন করে কিনা? হ্যাঁ ☐ না ☐

হ্যাঁ হলে -

ক) ঔষধের নাম, সেবনের মাত্রা ও সময় :.....

খ) রোগের কারণ :

গ) প্রেসক্রিপশন সংযুক্ত করেছেন কিনা ? হ্যাঁ ☐ না ☐

৯। ক) শিশুর চোখ, কান ও দাঁতের পরীক্ষা করা হয়েছে কিনা? হ্যাঁ ☐ না ☐

খ) হ্যাঁ হলে পরীক্ষার ফলাফল :

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

- ১০। ক) শিশুর বিশেষ কোন খাদ্যে সমস্যা/এলার্জি আছে কি? হ্যাঁ ☐ না ☐
- খ) হ্যাঁ হলে তার বর্ণনা :.....
- গ) নির্দিষ্ট খাদ্যের নাম :.....
- ১১। ক) শিশুর করোনা / জলবসন্ত / মাম্পস / অন্য কোন সংক্রামক রোগ হয়েছিল কিনা? হ্যাঁ ☐ না ☐
- খ) হ্যাঁ হলে তার প্রমাণপত্র :
- ১২। ক) বয়স অনুযায়ী শিশুর প্রয়োজনীয় টিকাসমূহ সম্পন্ন হয়েছে কিনা? হ্যাঁ ☐ না ☐
- খ) উত্তর না হলে কোন কোন টিকা দেওয়া হয়নি তা উল্লেখ করুন :
- ১৩। আপনার শিশুর শীর্ষ তিনটি উলেখযোগ্য গুণাবলী চিহ্নিত করুন :
- | | | | |
|--|---------------------------------------|--------------------------------------|---------------------------------------|
| ☐ সাহসী | ☐ সহানুভূতিশীল | ☐ স্নেহময় | ☐ সামাজিক |
| ☐ সহযোগী | ☐ উৎসাহী | ☐ অনুগত | ☐ হাস্যোজ্জ্বল |
| ☐ সৃজনশীল | ☐ উদ্যমী | ☐ সংগীতপ্রেমী | ☐ মনযোগী |
| ☐ কৌতূহলী | ☐ বন্ধুসুলভ | ☐ কৌতুকপূর্ণ | |
| ☐ খেলাধুলায় আগ্রহী | ☐ কল্পনাপ্রবণ | ☐ সম্ভাবনাময় | |
- ১৪। আপনার শিশুর শীর্ষ তিনটি দুর্বল দিক চিহ্নিত করুন :
- | | | |
|---|---|--|
| ☐ রাগী | ☐ নিয়ম ভঙ্গের প্রবণতা | ☐ শ্রবণ ক্ষমতার হ্রাস |
| ☐ আক্রমণাত্মক মনোভাব | ☐ বিকাশে বিলম্ব | ☐ ভাষা বিকাশে বিলম্ব |
| ☐ অস্থিরতা | ☐ সংবেদনশীল | ☐ শেখার অক্ষমতা |
| ☐ ভয়/উদ্বেগ/অস্থিতি | ☐ অসামাজিক মনোভাব | ☐ মিথ্যা বলা |
| ☐ অমনোযোগী | | |
| ☐ ব্যাধি গ্রস্থ | | |
- ১৫। (ক) আপনার শিশুর সামাজিক, আবেগিক, স্পর্শকাতর ও আচরণগত কোন উদ্বেগ আপনার আছে কি?
হ্যাঁ ☐ না ☐
- (খ) উত্তর হ্যাঁ হলে তার সংক্ষিপ্ত বিবরণ :.....

পার্ট-৩: জরুরি যোগাযোগ ও কেন্দ্রে শিশুকে দেওয়া-নেওয়ায় নিয়োজিত ব্যক্তিবর্গের তালিকা

১৬। ক) নাম :..... ঠিকানা :.....

জাতীয় পরিচয়পত্র নম্বর :

মোবাইল নম্বর : শিশুর সাথে সম্পর্ক :.....

খ) নাম :..... ঠিকানা :.....

জাতীয় পরিচয়পত্র নম্বর :

মোবাইল নম্বর :..... শিশুর সাথে সম্পর্ক :.....

পার্ট-৪: প্রয়োজনীয় সংযুক্তিসমূহ

টিক চিহ্ন দিন

- ☐ পিতা-মাতা বা অভিভাবকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ☐ শিশুর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ও ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি;
- ☐ শিশুর পারিবারিক ছবি ৫/৭ ইঞ্চি ফটোফ্রেমে দিতে হবে;
- ☐ শিশুর ২ (দুই) কপি টিকা কার্ড;
- ☐ এককালীন অফেরতযোগ্য ভর্তি ফি;
- ☐ ২ (দুই) মাসের মাসিক সেবামূল্য (এক মাসের অগ্রিম জামানত + চলতি মাস);
- ☐ শিশু অসুস্থতা নীতি সংক্রান্ত অঙ্গীকারনামা;
- ☐ শিশুকে জরুরি চিকিৎসা সেবা প্রদানের সম্মতিপত্র;
- ☐ শিশুর কার্যাবলী, বিশেষ অনুষ্ঠানের ছবি ও তথ্যচিত্র ব্যবহারের অনুমতিপত্র;
- ☐ শিশুর একজোড়া ইউনিফর্ম (শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের জন্য নির্ধারিত ইউনিফর্ম);
- ☐ দিবায়ত্ত্ব কেন্দ্রের অভ্যন্তরে ব্যবহারের জন্য শিশুর ১ (এক) জোড়া মোজা ও ১ (এক) জোড়া স্যান্ডেল দিতে হবে;
- ☐ শিশুর পরিচয়পত্র সরবরাহের জন্য এককালীন ২৫০/- (কার্ড হোল্ডার, ঝুলানোর ফিতা, প্রিন্টিং ও লেমিনেটিং খরচ বাদে)।

এই মর্মে ঘোষণা করছি যে, উপরের সকল তথ্যাবলী আমার জানা, সত্য ও সঠিক এবং শিশু ভর্তির সকল নিয়ম মেনে আমার শিশুকে সেন্টারে ভর্তি করছি।

মাতা বা পিতা বা অভিভাবকের স্বাক্ষর

তারিখ

পার্ট-৫: শিশুর অসুস্থতার ক্ষেত্রে করণীয় সংক্রান্ত অঙ্গীকারনামা

- ☐ দিবায়ত্ত্ব কেন্দ্রে আপনার সন্তান এবং অন্য শিশুদের সুস্থতার স্বার্থে আপনার শিশু রোগাক্রান্ত হলে তাকে ঘরেই রাখবেন।
- ☐ যদি কোভিড-১৯ ভাইরাসে পরিবারের কোন সদস্য সংক্রমিত হয়ে থাকে তবে অবশ্যই কোয়ারেন্টাইনে থাকবেন এবং স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সুস্থতার প্রত্যয়ন পাওয়ার পর সেন্টারে শিশুকে নিয়মিত করবেন।

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

- ☐ জ্বর হলে শিশুকে দিবাযত্ন কেন্দ্রে প্রেরণ করা থেকে বিরত থাকবেন। সেক্ষেত্রে জ্বর কমে যাওয়ার পর পরবর্তী ২৪ ঘন্টা পর্যন্ত শিশুর দেহের স্বাভাবিক তাপমাত্রা (৯৮.৬ ডিগ্রি ফারেনহাইট) থাকলে তবেই তাকে দিবাযত্ন কেন্দ্রে পাঠাবেন।
- ☐ ডায়রিয়া, বদহজম, পেটে ব্যথা দেখা দিলে সেন্টারে পাঠানো থেকে বিরত থাকবেন। এ অবস্থায় দ্রুত চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিবেন। ডায়রিয়া থেকে সুস্থ হবার পর ২৪ ঘন্টা পর্যবেক্ষণ করে শিশুকে কেন্দ্রে পাঠাতে পারবেন। এক্ষেত্রে চিকিৎসকের ব্যবস্থাপত্র সংযুক্ত করতে হবে।
- ☐ চোখ উঠা, চোখে এলার্জি কিংবা চোখ থেকে তরল নিঃসরণ হলে সুস্থ না হওয়া পর্যন্ত দিবাযত্ন কেন্দ্রে পাঠানো থেকে বিরত থাকবেন। সুস্থ হওয়ার পর ২৪ ঘন্টা বাড়িতে পর্যবেক্ষণ করে কেন্দ্রে পাঠাবেন।
- ☐ যে কোন কারণে বমি হলে শিশুর বমি বন্ধ হওয়ার পর ২৪ ঘন্টা পর্যবেক্ষণ করে কেন্দ্রে পাঠাবেন।
- ☐ বিভিন্ন চর্মরোগ যেমন- একজিমা, স্কাবিস/চুলকানী প্রভৃতি দেখা দিলে শিশুকে সুস্থ না হওয়া পর্যন্ত সেন্টারে পাঠানো থেকে বিরত থাকবেন এবং দ্রুত চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিবেন।
- ☐ চিকেন পক্স অথবা জলবসন্ত হলে সুস্থ হবার (১৮-২১) দিন পর শিশুকে কেন্দ্রে নিয়মিত করবেন।
- ☐ শিশুর মাথায় উকুন ও অন্যান্য পরজীবীর সংক্রমণ হলে সেন্টারে পাঠানো থেকে বিরত থাকবেন এবং দ্রুত চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিবেন।
- ☐ যদি কেন্দ্রে আপনার শিশু অসুস্থ হয়ে পড়ে এবং ঐ মুহূর্তে আপনাকে অবগত করা হয় তবে যত দ্রুত সম্ভব আপনার শিশুকে দিবাযত্ন কেন্দ্রে থেকে নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হলো। শিশু পরিপূর্ণ রূপে সুস্থ না হওয়া পর্যন্ত কেন্দ্রে শিশুকে কখনই গ্রহণ করা হবে না।

মাতা-পিতা বা অভিভাবকের স্বাক্ষর : _____ তারিখ : _____

স্বাস্থ্য শিক্ষিকার স্বাক্ষর : _____ তারিখ : _____

পার্ট-৬: জরুরি চিকিৎসা সেবা প্রদানের সম্মতি

কোন দুর্ঘটনা বা অসুস্থতার কারণে উদ্ভূত জরুরি পরিস্থিতিতে শিশুকে তাৎক্ষণিক চিকিৎসা দেওয়ার প্রয়োজন হলে এবং সেই মুহূর্তে পিতামাতা বা অভিভাবকের সাথে যোগাযোগ করা সম্ভব না হলে নিম্নে উল্লেখিত শিশুকে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদানের জন্য নিকটস্থ হাসপাতালে বা চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাওয়ার অনুমতি প্রদান করা হলো। স্বাস্থ্য শিক্ষিকা শিশুটির সঙ্গে চিকিৎসা কেন্দ্রে যাবেন এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী শিশুটিকে চিকিৎসা সেবা প্রদান করবেন। আমি আরও সম্মতি প্রদান করছি যে, এ জরুরি অবস্থায় আমার শিশুর সকল চিকিৎসা সংক্রান্ত ব্যয় বহন করা আমার দায়িত্ব।

শিশুর নাম : _____

মাতা-পিতা বা অভিভাবকের স্বাক্ষর : _____ তারিখ : _____

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

পার্ট-৭: শিশুর কার্যাবলী ও বিশেষ অনুষ্ঠানের ছবি ও তথ্যচিত্র ব্যবহারের অনুমতি

আমি আমার শিশু এর ছবি ও তথ্যচিত্র ব্যবহারের সম্মতি দিলাম।

১. কেন্দ্রের সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুকে ব্যবহারের জন্য : হ্যাঁ ☐ না ☐
২. দিবায়ত্ন কেন্দ্রের ওয়েবসাইটে ব্যবহারের জন্য : হ্যাঁ ☐ না ☐
৩. অন্যান্য অভিভাবকের ব্যবহারের জন্য : হ্যাঁ ☐ না ☐
৪. পোস্টার বা লিফলেটে ব্যবহারের জন্য : হ্যাঁ ☐ না ☐

মাতা-পিতা বা অভিভাবক স্বাক্ষর : _____ তারিখ : _____

পার্ট-৮: অফিস কর্তৃক পূরণীয়

- ☐ ভর্তিকৃত শিশুর নাম :
- ☐ ভর্তি রেজিস্ট্রেশন নম্বর :
- ☐ ভর্তিকৃত শিশুর মাতা ও পিতার নাম :
- ☐ ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা সে বিষয়ে মন্তব্য :
- ☐ প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত রয়েছে কিনা সে বিষয়ে মন্তব্য :

ভর্তি যাচাইকারীর স্বাক্ষর (শিক্ষিকা/স্বাস্থ্য শিক্ষিকা)

তারিখ

ডে-কেয়ার অফিসারের স্বাক্ষর

তারিখ

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

শিশু ভর্তির অঙ্গীকারনামা

আমি বুঝতে পেরেছি যে সময়মত মাসিক সেবামূল্য প্রদান করতে ব্যর্থ হলে আমার শিশুর দিবাকালীন সেবা অব্যাহত রাখা হবে না। আমার শিশুকে অবশ্যই বিকাল ৬.৩০ ঘটিকার মধ্যে কেন্দ্র থেকে নেওয়ার ব্যবস্থা করবো। তবে বিশেষ প্রয়োজনে আমার শিশুকে সন্ধ্যা ৬:৩০ টার পরে নিতে আসলে প্রতি মিনিটের জন্য ৫/- (পাঁচ) টাকা এবং ০৭:০০ - ০৭:৩০ ঘটিকার মধ্যে প্রতি মিনিটের জন্য ২৫/- (পঁচিশ) টাকা ফি প্রযোজ্য হবে যা দায়িত্বে নিয়োজিত কর্মীকে দিতে বাধ্য থাকবো। এই শর্তগুলি মেনে শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে আমি আমার শিশু ভর্তি করার জন্য ভর্তি ফরমের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি সংযুক্ত করেছি।

টিক চিহ্ন দিন

- ☐ পিতা-মাতা বা অভিভাবকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ☐ শিশুর ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ও ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি;
- ☐ শিশুর পারিবারিক ছবি ৫/৭ ইঞ্চি ফটোফ্রেমে দিতে হবে;
- ☐ শিশুর ২ (দুই) কপি টিকা কার্ড;
- ☐ এককালীন অফেরতযোগ্য ভর্তি ফি;
- ☐ ২ (দুই) মাসের মাসিক সেবামূল্য (এক মাসের অগ্রীম জামানত+চলতি মাস);
- ☐ শিশু অসুস্থতা নীতি সংক্রান্ত অঙ্গীকারনামা;
- ☐ শিশুকে জরুরি চিকিৎসা সেবা প্রদানের সম্মতিপত্র;
- ☐ শিশুর কার্যাবলি, বিশেষ অনুষ্ঠানের ছবি ও তথ্যচিত্র ব্যবহারের অনুমতিপত্র;
- ☐ শিশুর একজোড়া ইউনিফর্ম (শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের জন্য নির্ধারিত ইউনিফর্ম);
- ☐ দিবায়ত্ত্ব কেন্দ্রের অভ্যন্তরে ব্যবহারের জন্য শিশুর ১ (এক) জোড়া মোজা ও ১ (এক) জোড়া স্যান্ডেল দিতে হবে;
- ☐ শিশুর পরিচয়পত্র সরবরাহের জন্য এককালীন ২৫০/- (কার্ড হোল্ডার, ঝুলানোর ফিতা, প্রিন্টিং ও লেমিনেটিং খরচ বাবদ)।

অভিভাবকের নাম : _____

অভিভাবকের স্বাক্ষর : _____

তারিখ : _____

ডে-কেয়ার অফিসারের নাম : _____ স্বাক্ষর : _____

ডে-কেয়ার সেন্টারের নাম : _____ তারিখ : _____

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

ভর্তুকি ফরম

মাতার
০২ কপি
পাসপোর্ট
সাইজ ছবি

পার্ট-১: সাধারণ তথ্য

- ১। আপনি কি পূর্ণ কর্মঘণ্টার (৯টা - ৫টা) কর্মজীবী নারী ?
হ্যাঁ ☐ না ☐
- ২। আপনার পারিবারিক মাসিক আয় কি ৪৯,৯৯৯/- টাকার নিম্নে ?
হ্যাঁ ☐ না ☐

পার্ট-২: আবেদনকারীর তথ্য

- ৩। মাতার নাম :.....
- ৪। ভর্তিকৃত শিশুর নাম :.....
- ৫। ঠিকানা :.....
- ই-মেইল :.....
- মোবাইল নম্বর :.....

পার্ট-৩: আর্থিক তথ্য

- ৬। মাতার মাসিক আয়ের পরিমাণ
- ☐ ০ - ৭,৯৯৯ টাকা
- ☐ ৮,০০০ - ১৯,৯৯৯ টাকা
- ☐ ২০,০০০ - ৩৪,৯৯৯ টাকা
- ☐ ৩৫,০০০ - ৪৯,৯৯৯ টাকা
- ☐ ৫০,০০০ অথবা ততোধিক
- ৭। পিতার মাসিক আয়ের পরিমাণ
- ☐ ০ - ৭,৯৯৯ টাকা
- ☐ ৮,০০০ - ১৯,৯৯৯ টাকা
- ☐ ২০,০০০ - ৩৪,৯৯৯ টাকা
- ☐ ৩৫,০০০ - ৪৯,৯৯৯ টাকা
- ☐ ৫০,০০০ অথবা ততোধিক

- ৮। পারিবারিক মোট মাসিক আয় :

- ৯। সর্বশেষ বাৎসরিক আয়কর রিটার্নে দাখিলকৃত পারিবারিক মোট আয় :

অর্থবছর

পারিবারিক আয়

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

পার্ট-৪: সংযুক্তিসমূহ

- ☐ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে মাতা-পিতার মাসিক বেতনের প্রত্যয়নপত্র অথবা বেতন বিবৃতির ব্যাংক স্টেটমেন্ট;
- ☐ পারিবারিক মোট মাসিক আয়;
- ☐ সর্বশেষ বাৎসরিক আয়কর দাখিলের প্রমাণপত্র।

পার্ট-৫: অফিস কর্তৃক পূরণীয়

- ১। আবেদনকারীর নাম:
- ২। ভর্তুকি ফরম যথাযথভাবে পূরণ হয়েছে কিনা সে বিষয়ে মন্তব্য :
- ৩। প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত রয়েছে কিনা সে বিষয়ে মন্তব্য :

ভর্তি যাচাইকারীর স্বাক্ষর (শিক্ষিকা/স্বাস্থ্য শিক্ষিকা)

তারিখ

ডে-কেয়ার অফিসারের স্বাক্ষর

তারিখ

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

কেন্দ্র হতে শিশু ফিরিয়ে নেওয়ার আবেদন

তারিখ:

বরাবর

প্রকল্প পরিচালক

২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

মাধ্যম : ডে-কেয়ার অফিসার, শিশু দিবাযত্ন কেন্দ্র, ...

বিষয়ঃ কেন্দ্র হতে শিশু ফিরিয়ে নেওয়ার আবেদন।

আবেদনকারীর নাম শিশুর সাথে সম্পর্ক

শিশুর নাম রেজিস্ট্রেশন নম্বর

শিশু ভর্তির তারিখ ভর্তি প্রত্যাহারের তারিখ

ভর্তি প্রত্যাহারের কারণ

আমি , এই মর্মে আবেদন করছি যে, আমার
ব্যক্তিগত/পারিবারিক/ শিশুর বয়স ৬ বছর উর্দ্ধ/ অন্যান্য কারণে সত্ত্বেও আমার শিশুটিকে কেন্দ্র হতে ফিরিয়ে নিতে চাই। এজন্য শিশু
ভর্তি বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

আবেদনকারীর স্বাক্ষর :

তারিখ :

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

শিশু ভর্তি বাতিল ফরম

স্মারক :

তারিখ :

বিষয়: শিশু ভর্তি বাতিল।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিশুর নাম
অভিভাবকের নাম রেজিস্ট্রেশন নম্বর এর ভর্তি
নিম্নলিখিত কারণে বাতিল করা হল যা আগামী তারিখ হতে কার্যকর হবে।

ভর্তি বাতিলের কারণ: শিশু নির্বাচন ও ভর্তি নির্দেশিকা ২০২১ এ অন্তর্ভুক্ত নম্বর কারণ।

যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ আদেশ জারী করা হলো। শিশু ভর্তি বাতিলের বিষয়ে কোন আপত্তি থাকলে আগামী সাত দিনের
মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো, অন্যথায় এই আদেশ চূড়ান্ত বলে গণ্য হবে।

অভিভাবকের নাম :

ডে-কেয়ার অফিসারের নাম :

ঠিকানা :

শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের নাম :

স্বাক্ষর :

তারিখ :

অনুলিপি :

১. প্রকল্প পরিচালক

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর।

২. অফিস কপি।

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

জরিপে অংশগ্রহণের আমন্ত্রণপত্র

আমি, ..., ডে-কেয়ার অফিসার হিসেবে মহিলা বিষয়ক অধিদপ্তরের “২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প” এর আওতায় পরিচালিত শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে কর্মরত আছি। উক্ত শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের সেবার চাহিদা নিরূপনের জন্য আমি একটি জরিপ পরিচালনা করছি। এই জরিপে আপনাকে দৈবচয়নের মাধ্যমে নির্বাচন করা হয়েছে।

এ জরিপের মূল লক্ষ্য হলো শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র সম্পর্কে কর্মজীবী নারীদের দৃষ্টিভঙ্গি এবং এধরনের সেবার প্রয়োজন তাদের রয়েছে কিনা তা নিরূপণ করা। জরিপের প্রাপ্ত ফলাফলগুলি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের চাহিদা বিশেষণ করতে এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের আধুনিকীকরণের জন্য সরকারকে পরামর্শ দিতে ব্যবহৃত হবে।

বর্তমান সমাজ ব্যবস্থায় পরিবারের কর্মক্ষম মানুষগুলো জীবিকার টানে প্রতিনিয়ত এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে ছুটছে। ফলে একদিকে যেমন তারা যৌথ পরিবার ভেঙ্গে একক পরিবার সৃষ্টি করছে, অন্য দিকে শিশুদের দেখাশোনার জন্য পরিবারের বয়স্ক লোকদের হারাচ্ছে। বর্তমান এই প্রেক্ষাপটে একজন কর্মজীবী নারীর পক্ষে শিশুর লালন পালন সহ কর্মস্থলে কাজ করা কঠিন হয়ে পড়েছে। কারণ স্থায়ীভাবে গৃহকর্মী পাওয়া যায় না। আবার পাওয়া গেলেও অধিকাংশ গৃহকর্মী নিরক্ষর হওয়ায় এবং শিশুর প্রারম্ভিক বিকাশের পর্যাপ্ত জ্ঞান না থাকায় শিশুর আচরণ বিপর্যস্থ হতে পারে বিধায় অনেক কর্মক্ষম নারী কাজ করতে আগ্রহবোধ করেন না বা কর্মক্ষেত্রে থেকে অব্যাহতি নিতে চান।

কর্মজীবী নারীদের কর্মক্ষেত্রে অংশগ্রহণ এবং তাদের শিশুর উপযুক্ত প্রারম্ভিক বিকাশের মধ্যে এই নিবিড় সম্পর্কটিকে উপলব্ধি করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে ২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প পরিচালনা করছে। ডিজিটাল পদ্ধতিতে প্রতিটি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র ব্যবস্থাপনা ও পরিচালনাসহ ই-মনিটরিং এর মাধ্যমে কর্মজীবী নারীদের ৪ (চার) মাস থেকে ৬ (ছয়) বছর বয়সী শিশুকে সকাল ৮:০০ ঘটিকা থেকে বিকাল ৬:৩০ ঘটিকা পর্যন্ত নিম্নলিখিত সেবাসমূহ প্রদান করা হয় :

- শিশুর দিবাকালীন যত্ন
- সুস্বাদু খাবার
- প্রাথমিক স্বাস্থ্যসেবা
- প্রাক-প্রারম্ভিক শিক্ষা
- শিশুর শারিরীক ও মানসিক বিকাশ

প্রশিক্ষণ প্রাপ্ত ডে-কেয়ার অফিসার, স্বাস্থ্য শিক্ষিকা, শিক্ষিকা ও পর্যাপ্ত সংখ্যক কেয়ার গিভারসহ ১২ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা টিম দ্বারা উপযুক্ত তদারকীর মাধ্যমে প্রতিটি কেন্দ্রে ৬০ জন শিশুর দিবাকালীন সেবা প্রদান করা হচ্ছে। ২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রের মধ্যে এটি একটি অন্যতম কেন্দ্র।

সরকারের এই উদ্যোগকে সফল করতে সংযুক্ত জরিপ প্রশ্নমালার উত্তর দিয়ে আমাদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য আপনাকে অনুরোধ করছি। জরিপ প্রশ্নমালাটি পূরণ করতে আপনার মাত্র ১৫ মিনিট সময় লাগবে।

শুভেচ্ছান্তে,
ডে-কেয়ার অফিসার,

শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র,-----।

২০টি শিশু দিবায়ত্ত্ব কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর

জরিপ প্রশ্নমালা

- আপনার ৪ মাস থেকে ৬ বছর বয়সী কোন শিশু আছে ?
☐ হ্যাঁ
☐ না
 হ্যাঁ হলে, ৬ বছরের নিচে শিশুর সংখ্যা :..... জন
- আপনি কর্মস্থলে থাকাকালীন আপনার ৬ বছরের নিচের শিশু কার কাছে থাকে? (টিক চিহ্ন দিন)
☐ পরিবারের বয়স্ক কারো কাছে (দাদা-দাদী, নানা-নানী)
☐ নিকট আত্মীয়র কাছে
☐ সাথে নিয়ে যান
☐ ঘরে একা থাকে
☐ গৃহপরিচারিকার কাছে থাকে
- আপনি কর্মস্থলে থাকা অবস্থায় শিশুর নিম্নলিখিত কোন কোন সমস্যা দেখা দেয়? (টিক চিহ্ন দিন, একাধিক সমস্যা চিহ্নিত করা যেতে পারে):
☐ নিয়মিত গোসল না হওয়া;
☐ সময়মতো প্রয়োজনীয় খাবার না খাওয়া;
☐ প্রয়োজনীয় চিকিৎসা না হওয়া;
☐ সময়মতো ঘুম না হওয়া;
☐ ভালো আচরণ না শেখা;
☐ প্রারম্ভিক শিক্ষা না পাওয়া;
☐ অসামাজিক মনোভাব
- আপনার শিশুর জন্য গৃহ পরিচারিকা রাখলে তাকে মাসে কত টাকা দিতে হয়? (টিক চিহ্ন দিন)
☐ ২০০০/-
☐ ১৫০০/-
☐ ১২০০/-
☐ ১০০০/-
☐ এর অধিক বা কম হলে টাকার পরিমাণ উল্লেখ করুন
☐ প্রযোজ্য নয়
- গৃহ পরিচারিকা কি আপনার শিশুর জন্য সম্পূর্ণ নিরাপদ ?
☐ হ্যাঁ
☐ না
 উত্তর 'না' হলে গৃহ পরিচারিকার কাছে শিশুকে রাখলে কি কি সমস্যা তৈরি হয় ?
- শিশু দিবায়ত্ত্ব কেন্দ্রে সম্পর্কে সূচনাতে বর্ণিত আমাদের সেবাসমূহ আপনি বুঝতে পেরেছেন কিনা ?
☐ হ্যাঁ
☐ না

শিশুর প্রারম্ভিক বিকাশ- মূল্যবান, যত্নশীল, সুরক্ষিত

৭. আপনি কি সাক্ষরী মূল্যে সরকারি শিশু দিবায়ত্ন কেন্দ্রে আপনার শিশুর নিম্নলিখিত সেবাসমূহ পেতে ইচ্ছুক ?

- ☐ দিবাকালীন যত্ন
- ☐ সুস্থ খাবার
- ☐ প্রাথমিক স্বাস্থ্যসেবা
- ☐ প্রাক-প্রারম্ভিক শিক্ষা
- ☐ শারিরীক ও মানসিক বিকাশ।
- ☐ হ্যাঁ
- ☐ না

হ্যাঁ হলে নিম্নবর্ণিত কোন মাসিক সেবামূল্যে আপনি উপরোক্ত সেবাসমূহ পেতে ইচ্ছুক ?

- ☐ ৫০০/-
- ☐ ১০০০/-
- ☐ ১২০০/-
- ☐ ১৫০০/-
- ☐ ২০০০/-
- ☐ অন্যান্য.....

৮. শিশু দিবায়ত্ন কেন্দ্রের সেবা ও সেবামূল্যের বিষয়ে আপনার আরও কোন মতামত থাকলে জানাতে পারেন :

.....

.....

৯. জরিপে অংশগ্রহনকারীর তথ্য

- (ক) নাম (ঐচ্ছিক):.....
- (খ) শিক্ষাগত যোগ্যতা:.....
- (গ) পেশা:.....
- (ঘ) পদবী:.....
- (ঙ) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (ঐচ্ছিক):.....
-

(চ) বেতন: (টিক চিহ্ন দিন)

- ☐ ০০০০-৭,৯৯৯ টাকা
- ☐ ৮,০০০-১৯,৯৯৯ টাকা
- ☐ ২০,০০০-৩৪,৯৯৯ টাকা
- ☐ ৩৫,০০০-৪৯,৯৯৯ টাকা
- ☐ ৫০,০০০ অথবা ততোধিক

(ছ) যোগাযোগের ঠিকানা:.....

(জ) ফোন নম্বর (ঐচ্ছিক):.....

উত্তরদাতার স্বাক্ষর :

তারিখ :

আপনি জরিপ প্রশ্নমালা পূরণ করে নিম্নবর্ণিত যে কোন একটি ঠিকানায় বা ই-মেইলে প্রেরণ করতে পারেন :

১। প্রকল্প পরিচালক

২০টি শিশু দিবায়ত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

ই-মেইল: pddcdwa@gmail.com

ফোন নম্বর: ০২-৫৫১৩৮৫৪০

২। ডে-কেয়ার অফিসার :

শিশু দিবায়ত্ন কেন্দ্রের নাম :

ঠিকানা :

ই-মেইল :

ফোন নম্বর :



২০টি শিশু দিবাসকেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়